

পেশ হচ্ছে ভিজিটিং ইন্সপেক্টর প্রোগ্রাম (Visiting Inspector Program, VIP)

আপনার ব্যবসার উপর প্রযোজ্য আইন বুঝতে পারা হল দায়িত্ব সহকারে জরিমানা এড়িয়ে ব্যবসা পরিচালনা করার চাবিকাঠি। উপভোক্তা বিষয়ক বিভাগ (Department of Consumer Affairs, DCA) ডজন ডজন শিল্পকে লাইসেন্স প্রদান করে এবং ভিন্ন ভিন্ন স্থানীয় ও স্টেটে আইন যে মেনে চলা হচ্ছে তা নিশ্চিত করতে হাজার হাজার ব্যবসা পরিদর্শন করে। নতুন ব্যবসা শুরু করলে আপনাকে কি কি মেনে চলতে হবে তা জানতে পারা কঠিন। DCA এর ভিজিটিং ইন্সপেক্টর প্রোগ্রামে (VIP) একজন বরিষ্ঠ পরিদর্শক বিনামূল্যে পরিদর্শন করে। এই পরিদর্শন আপনার ব্যবসায় গিয়ে DCA এর বিধি এবং লঙ্ঘন এড়াতে আপনাকে কি কি জানতে হবে তা সম্পর্কে উপদেশ দেবে।

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী:

VIP এর জন্য কোন কোন ব্যবসা যোগ্য?

1 জুলাই, 2017 থেকে শুরু করে, নিচে তালিকাভুক্ত কোনো শিল্পের জন্য যদি আপনি DCA লাইসেন্স পান তাহলে আপনি সম্মতির জন্য বিনামূল্যের একটি পরিদর্শন পাবেন।

অ্যামিউজমেন্ট আর্কেডস
অ্যামিউজমেন্ট ডিভাইস (স্থায়ী)
নিলাম ঘর
ক্যাটারিং এম্বালিসমেন্ট
সিগারেট রিটেল ডিলার
প্রতিবন্ধীদের পণ্যের ডিলার
ইলেকট্রনিক্স ও হোম অ্যাপ্লায়েন্স সার্ভিস ডিলার
ইলেকট্রনিক্স স্টোর
কর্মসংস্থান এজেন্সি
গেমিং ক্যাফে
গ্যারেজ
গ্যারেজ এবং পার্কিং লট
পার্কিং লট

ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি
ইন্ডাস্ট্রিয়াল লন্ড্রি ডেলিভরি
নিউজস্ট্যান্ড
বন্ধকি কারবারি
পুল অথবা বিলিয়ার্ড রুম
রিটেল লন্ড্রি
পরোক্ষ ডিলার - অটো
পরোক্ষ ডিলার - সাধারণ
স্কেল ডিলার/মেরামতকারী
স্ক্র্যাপ মেটাল প্রসেসার
সাইডওয়াক ক্যাফে
স্ট্রিপলাইন স্ট্যান্ড
সঙ্কায়নের গুদাম

VIP কিভাবে কাজ করে?

আপনার লাইসেন্স পাওয়ার তিন সপ্তাহের মধ্যে, DCA আপনার সম্মতির জন্য পরিদর্শনের একটি অ্যাপয়েন্টমেন্টের সময় স্থির করতে আপনার সঙ্গে যোগাযোগ করবে। অ্যাপয়েন্টমেন্টের সময়, একজন বরিষ্ঠ পরিদর্শক আপনাকে লাইসেন্সের আইন, সিটি ক্রেতা সুরক্ষা আইন, কর্মক্ষেত্রের আইনের মতো সিটির বেতনভুক্ত চুটির আইন সহ কিভাবে DCA দ্বারা প্রয়োগ করা আইন আপনার ব্যবসার জন্য প্রযোজ্য হয় তা মেনে চলতে হয় তা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য দেবে। সম্মতির জন্য পরিদর্শনের পরে, পরিদর্শক আপনাকে একটি "পরিদর্শনের সার্টিফিকেট" প্রদান করবে। কোনো সম্ভাব্য লঙ্ঘনের জন্য DCA আপনাকে দ্রুত সমাধানের জন্য উৎসাহিত করে।

পরিদর্শনের খরচ কত?

সম্মতির জন্য পরিদর্শন বিনামূল্যের

পরিদর্শন কি ইংরেজি ছাড়াও অন্য ভাষায় পাওয়া সম্ভব?

হ্যাঁ। আপনি আপনার পছন্দের ভাষায় অনুরোধ করতে পারেন এবং DCA পরিদর্শনের জন্য দোভাষী পরিষেবার ব্যবস্থা করবেন।

পরের বার কখন আপনার ব্যবসার পরিদর্শন করা হবে?

এক বছরের মধ্যে আপনার ব্যবসা পরিদর্শন করা হবে।

পরিদর্শনের সময়সূচী পরিবর্তনের জন্য এবং পরিদর্শনের পরিদর্শকের কাছে আমার কোনো প্রশ্ন থাকলে কি করতে হবে?

আপনার পরিদর্শনের সময়সূচী পরিবর্তন করার জন্য VIP@dca.nyc.gov এ একটি ইমেল পাঠান অথবা VIP পরিদর্শকের সঙ্গে যোগাযোগ করুন।

DCA যে আইন প্রয়োগ করেছে তা কিভাবে মেনে চলতে হবে তা সম্পর্কে আরো কোথায় থেকে জানতে পারব?

DCA এর ওয়েবসাইট, nyc.gov/dca এ একাধিক শিল্পের জন্য এবং বিভিন্ন ভাষায় পরিদর্শন যাচাইতালিকাগুলির পাশাপাশি নমুনা ফর্ম, চিঠি এবং টেমপ্লেট রয়েছে। এছাড়াও DCA অনেক অনুষ্ঠানের আয়োজন করে ও অংশ নেয় এবং ব্যবসায়িক শিক্ষা দিবসের আয়োজন করে। যদি আপনি DCA তে কোনো অনুষ্ঠানে অংশ নিতে চান অথবা আপনার এলাকায় ব্যবসায়িক শিক্ষা দিবসের আয়োজন করতে চান তাহলে আপনি অনলাইনে অনুরোধ জমা দিতে পারেন। যদি আপনার প্রশ্ন থাকে, তাহলে সোম থেকে শুক্রবার সকাল 9:30টা থেকে বিকাল 5টা (ছুটির দিন বাদে) পর্যন্ত DCA প্রতিনিধির সঙ্গে লাইভ চ্যাট করতে পারেন।

DCA এর প্রয়োগকারী আইন সম্পর্কে এখনও আপনার প্রশ্ন থাকলে আপনি DCA এর বিজনেস কমপ্লায়েন্স কাউন্সেলের সঙ্গে যোগাযোগ করতে পারেন। ব্যবসার জন্য লিগাল কমপ্লায়েন্স হেল্পলাইন 311 নম্বরে ফোন করুন অথবা BusinessComplianceCounsel@dca.nyc.gov এ ইমেল করুন।

আমার ব্যবসাকে প্রভাবিত করছে এমন অন্যান্য সিটি আইন সম্পর্কে তথ্য কোথায় পাব?

ক্ষুদ্র শিল্প পরিষেবা বিভাগ (Department of Small Business Services, SBS) আপনার ব্যবসা খুলতে ও চালাতে একাধিক সংস্থান প্রদান করে। আরো তথ্যের জন্য nyc.gov/business দেখুন বা 311 নম্বরে যোগাযোগ করুন।



**Consumer
Affairs**

Lorelei Salas
Commissioner

সমৃদ্ধিশালী সম্প্রদায় তৈরি করতে নিউইয়র্কবাসীদেরকে NYC (DCA) উপভোক্তা বিষয়ক দপ্তর সুরক্ষা দেয় ও দৈনিক আর্থিক অবস্থার উন্নতি করে।